



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/19/2023

গভর্নর ক্যাথি হোকল

**সন্ত্রাসবাদের উচ্চ ঝুঁকির সম্মুখীন হওয়া অলাভজনক সংস্থাগুলোর নিরাপত্তা জোরদার করার জন্য প্রায় 38 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা**

**তহবিল অলাভজনক সংস্থাগুলিকে সুবিধা নিরাপত্তা এবং সামগ্রিক প্রস্তুতি শক্তিশালী করতে সাহায্য করবে**

গভর্নর ক্যাথি হোকল আজ সন্ত্রাসী বা অন্য চরমপন্থী হামলার ক্রমবর্ধমান ঝুঁকির সম্মুখীন হওয়া 195টি অলাভজনক সংস্থাকে তাদের ফ্যাসিলিটিগুলোর নিরাপত্তা জোরদার করার পাশাপাশি তাদের সামগ্রিক প্রস্তুতি উন্নত করার প্রচেষ্টায় সহায়তা করার জন্য 37.9 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছেন। ফেডারেল ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (Federal Emergency Management Agency) কর্তৃক এটির ননপ্রফিট সিকিউরিটি গ্র্যান্ট কর্মসূচির (Nonprofit Security Grant Program) মাধ্যমে প্রদত্ত এই তহবিল দুইটি পৃথক অনুদানের মাধ্যমে নিউ ইয়র্ককে বরাদ্দ করা হচ্ছে - নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকার মধ্যে অবস্থিত সংস্থাগুলোর জন্য 33.3 মিলিয়ন ডলার এবং স্টেটের বাকি অংশে অবস্থিত সংস্থাগুলোর জন্য 4.7 মিলিয়ন ডলার। দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (New York State Division of Homeland Security and Emergency Services) স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠ সমন্বয়ে এই প্রোগ্রাম পরিচালনা করে।

“ননপ্রফিট সিকিউরিটি গ্র্যান্ট কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ এড়ানোর জন্য আমাদের কর্মকৌশলের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ,” বলেছেন গভর্নর হোকল। “আমরা যেখানেই একত্রিত হই না কেন, সহিংসতা বা উগ্রতার শিকার না হয়ে শান্তিপূর্ণ ও মর্যাদাপূর্ণ উপায়ে সমবেত হওয়ার অধিকার আমাদের রয়েছে। এই প্রচেষ্টায় আমাদের বৃহৎ স্টেটে বসবাসকারী, কর্মরত ও ভ্রমণে আসা সবার জন্য একটি অধিকতর নিরাপদ পরিবেশ তৈরির কাজে সম্পৃক্ত সবার পূর্ণ অংশীদারিত্ব প্রয়োজন।”

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন,** “এই অতি গুরুত্বপূর্ণ তহবিল স্টেটজুড়ে অলাভজনক সংস্থাগুলোকে তাদের অবকাঠামো শক্তিশালী করতে এবং সন্ত্রাসবাদ ও হেইট ক্রাইমের ঘটনা প্রতিরোধ করার জন্য নিরাপত্তা-ভিত্তিক পরিস্থিতির জন্য প্রশিক্ষণ গ্রহণ করতে সাহায্য করছে। এই কর্মসূচি যাতে নিউ ইয়র্ককে

সবার জন্য একটি অধিকতর নিরাপদ স্থানে পরিণত করা অব্যাহত রাখে সে বিষয়টি নিশ্চিত করতে আমরা সরকারের সর্বস্তরে আমাদের অংশীদারদের সঙ্গে কাজ করছি।”

2023 অর্থবছরে ননপ্রফিট সিকিউরিটি গ্র্যান্ট কর্মসূচির মাধ্যমে দেশব্যাপী মোট 305 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে। এর মধ্যে আরবান এরিয়া সিকিউরিটি ইনিশিয়েটিভ (Urban Area Security Initiative, UASI) কর্তৃক উচ্চ-ঝুঁকিপূর্ণ শহরাঞ্চল হিসেবে মনোনীত এলাকাগুলোর একটির মধ্যে অবস্থিত অলাভজনক সংস্থাগুলোর জন্য 152.5 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হয়েছে। অবশিষ্ট 152.5 মিলিয়ন ডলার UASI কর্তৃক মনোনীত এলাকাগুলোর বাইরে অবস্থিত আইনি অধিক্ষেত্রগুলোর জন্য সংরক্ষিত রাখা হয়েছে।

অনুমোদনযোগ্য ব্যয়সমূহের মধ্যে পরিকল্পনা যেমন নিরাপত্তা ঝুঁকি ব্যবস্থাপনা, কার্যপরিচালনা অব্যাহত রাখা, এবং সাড়াদান পরিকল্পনা; সরঞ্জাম, যেমন ভৌত নিরাপত্তা বৃদ্ধি এবং পরিদর্শন/স্ক্রিনিং সিস্টেম সরঞ্জাম: সক্রিয় শুটার প্রশিক্ষণ এবং কর্মচারী বা সমাবেশের সদস্যদের জন্য নিরাপত্তা প্রশিক্ষণ: সাড়াদান অনুশীলন, এবং চুক্তিবদ্ধ নিরাপত্তা কর্মী, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্কে, UASI কর্তৃক মনোনীত স্টেটের উচ্চ-ঝুঁকিপূর্ণ শহরাঞ্চল হলো নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকা। বিশেষ করে, এটি নিউ ইয়র্ক সিটি, পাশাপাশি ওয়েস্টচেস্টার, নাসাউ এবং সাফোক কাউন্টি নিয়ে গঠিত। 2023 সালে, 174টি অলাভজনক সংস্থাকে 33.3 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়ার মধ্য দিয়ে নিউ ইয়র্ক UASI কর্তৃক মনোনীত কোনো এলাকায় প্রদত্ত তহবিলের মোট পরিমাণ এবং অনুদানপ্রাপ্তদের সংখ্যা উভয় দিক থেকে দেশের মধ্যে নেতৃস্থানীয় অবস্থানে রয়েছে। অবশিষ্ট 4.7 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল স্টেটের বাকি অংশে অবস্থিত অলাভজনক সংস্থাগুলোকে প্রদান করা হবে।

**ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে**  
[ডিভিশন অভ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস](#) (Division of Homeland Security and Emergency Services, DHSES) এর ডিভিশন বিপর্যয় এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে থাকে। আরো বেশি তথ্যের জন্য ফেসবুকে, ইন্সট্রগ্রাম এবং X (পূর্বে Twitter হিসেবে পরিচিত) এ @NYS DHSES ফলো করুন অথবা ভিজিট করুন [dhSES.ny.gov](http://dhSES.ny.gov)।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)